গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/৩য় বর্ষ ডিগ্রি পাস ফ.পূ-২৪/২০২৬/১০২/১ তারিখ: ১৭ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

# ২০২৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের ১৮/০৫/২০২৬ থেকে ১২/০৬/২০২৬ তারিখের মধ্যে ফরমপূরণ করতে হবে। উক্ত পরীক্ষার ফরমপূরণের ডাউনলোডকৃত ফরম কলেজ ক্যাশ শাখায় প্রদর্শন করে টাকা জমাদানের রসিদ সংগ্রহ করতে হবে। ফরমপূরণের নির্ধারিত ফি সাউথইস্ট ব্যাংক লি:, কলেজ বুথ, বিজ্ঞান ভবনে জমা দিয়ে ডাউনলোডকৃত ফরম, টাকা জমাদানের রসিদ এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি ১৪/০৬/২০২৬ তারিখ বিকাল ০৩:০০ টার মধ্যে কলেজের কলা ভবনে (কলা ভবন সিঁড়ি সংলগ্ন কক্ষে) ৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটির নিকট জমা দিয়ে ফরমপূরণের কাজ নিজ দায়িত্বে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**ব্যাংকে টাকা জমা দেয়ার নির্ধারিত তারিখ: ১৮/০৫/২০২৬ হতে ১২/০৬/২০২৬ পর্যন্ত**
**শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ: ১৪/০৬/২০২৬ পর্যন্ত**

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় অন্তর্ভুক্তি ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী **১ম** ও **২য়** বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে শুধুমাত্র তারাই বিশেষ বিবেচনায় ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স **৩য়** বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স **৩য়** বর্ষ পরীক্ষায় ফরমপূরণ না করলে বা ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

**পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:**

**১। ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত):**

(ক) যে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট পরীক্ষার্থী যারা ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঘ) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

**২। ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত):**

(ক) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(গ) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(ঘ) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৩ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষে পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**৩। ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন):**

(ক) ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

**সার্টিটিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর):**

(ক) ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ:**

নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল শিক্ষার্থীকে কলেজ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুসারে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র:**

১। ডাউনলোডকৃত ফরম ০২ কপি।
২। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অসত্যায়িত)।
৩। ২০২২ সালের ১ম বর্ষ ও ২০২৩ সালের ২য় বর্ষের প্রবেশপত্রের ফটোকপি (অসত্যায়িত)।
৪। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি ফরমে একটি করে আইকা দিয়ে লাগাতে হবে এবং অতিরিক্ত একটি রঙ্গিন ছবি মূল ফরমের সাথে স্ট্যাপলার করে দিতে হবে)।
৫। ২০২২ সালের ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার টেবুলেশন সীটের ফটোকপি।

**বি:দ্র: (১) কোনো শিক্ষার্থী ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন না করে ক্যাম্পাস ত্যাগ করলে সৃষ্ট জটিলতার জন্য কর্তৃপক্ষ কোনো দায়-দায়িত্ব বহন করবে না।**

**(২) ব্যাংক রশিদে কোনো রকম ঘষামাজা করা হলে তা গ্রহণ করা হবে না এবং রশিদের বিভাগীয় অংশ ও জমাকারীর অংশ বিচ্ছিন্ন না করে জমা দিতে হবে।**

**সংযুক্তি: ফি-এর তালিকা**

প্রতিস্বাক্ষরিত

(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১৮.০৫.২৬
(ড. মো. মাহফুজুর রহমান)
আহ্বায়ক
৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/৩য় বর্ষ ডিগ্রি পাস ফ.পূ-২৪/২০২৬/১০২/২ তারিখ: ১৭ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

# ২০২৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ

**ক. নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স**
**বেসরকারি ফিস (জাতীয় বিশ্ব: ও কলেজ ফি)**

| ক্র: নং | ফিসের বিবরণ | বিএ/বিএসএস/ বিবিএস | বিএস-সি | প্রাইভেট | সার্টিফিকেট কোর্স | মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (জাতীয় বিশ্ব.) | ২২০০.০০ | ২২০০.০০ | ২২০০.০০ | ৯৫০.০০ | ১৫০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ |
| ৩. | ব্যবহারিক ফি (জাতীয় বিশ্ব.) | ০০.০০ | ৯০০.০০ | ০০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ৪. | ব্যবহারিক কেন্দ্র ফি (বিষয় ১৫০/-×৩) | ০০.০০ | ৫২৫.০০ | ০০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ৫. | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি (প্রতি বিষয় ৬০/-) | ৪২০.০০ | ৪২০.০০ | ৪২০.০০ | ১২০.০০ | ০০.০০ |
| ৬. | ইনকোর্স ফি (কলেজ ২০০/- জাবি-১০০/-) | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ০০.০০ |
| ৭. | ফরমপূরণ ব্যবস্থাপনা ফি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৮. | অত্যাবশ্যকীয় কর্মচারী ফি | ০০.০০ | ০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ | ০০.০০ |
| ৯. | সেশনচার্জ | ১৩৪৫.০০ | ১৪৪৫.০০ | ০০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ১০. | মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন (প্রতিপত্রে ১৫০/- হারে নির্ধারিত ফি এর অতিরিক্ত (প্রতি পরীক্ষার্থী) | ০০.০০ | ০০.০০ | ০০.০০ | ০০.০০ | ৬০০.০০ |
| | মোট | ৪৭৬৫.০০ | ৬২৯০.০০ | ৪১২০.০০ | ২৫৭০.০০ | ০০.০০ |

** **Conditional Promoted (C-Promoted) প্রতিপত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা (প্রতি পরীক্ষার্থী) জমা প্রদান করতে হবে।**

**খ. নিয়মিত**
**সরকারি ফিস (কলেজ বেতন)**

| ক্র: নং | ফিসের বিবরণ | বিএ/বিএসএস/বিবিএস/বিএস-সি |
|---|---|---|
| ১. | বেতন | ৩০০.০০ |
| ২. | ভর্তি ফি | ২৫.০০ |
| | মোট | ৩২৫.০০ |

**বি:দ্র: ব্যাংকে টাকা জমার তারিখ: ১৮/০৫/২০২৬ হতে ১২/০৬/২০২৬ পর্যন্ত।**

প্রতিস্বাক্ষরিত
(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(ড. মো. মাহফুজুর রহমান)
আহ্বায়ক
৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর